যুগান্তর

তারিখ 14 AUG 2013
পৃষ্ঠা ২০ কলাম ২

লাইব্রেরিয়ানদের যে পদে নিয়োগ সে পদেই অবসর

বিএম জাহাঙ্গীর

পদোন্নতির সুযোগ রেখে সমন্বিত নিয়োগবিধি প্রণয়নসহ ক্যাডার সার্ভিসের আওতায় আনার দাবিতে ঈদের পর কঠোর আন্দোলনে যাবে লাইব্রেরিয়ান কর্মকর্তা সমিতি বা বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যবিদ সমিতি। বিশ্ববিদ্যালয় থেকে সর্বোচ্চ ডিগ্রি নিয়ে চাকরিতে যোগ দিয়েও দেশের বেশিরভাগ লাইব্রেরিয়ানের কোনো পদোন্নতি নেই। এ নিয়ে বিগত দুই যুগের বেশি সময় ধরে প্রতিটি সরকারের কাছে দাবি জানানো হলেও কাজের কাজ কিছুই হয়নি। এ জন্য এবার তারা সত্যিকারার্থে দাবি আদায়ের কার্যকর আন্দোলনে নামার সিদ্ধান্ত নিয়েছে।

> ঈদের পর মাঠে নামার ঘোষণা

জানা গেছে, 'যে পদে নিয়োগ সেই পদেই অবসর' এভাবে চলছে লাইব্রেরিয়ান পদে চাকরি। বিশ্ববিদ্যালয়সহ দু'একটি প্রতিষ্ঠানে লাইব্রেরিয়ানদের কাগজেকলমে পদোন্নতি হয়। কিন্তু ৯৯ ভাগ লাইব্রেরিয়ান পদে কোনো পদোন্নতি নেই। অথচ লাইব্রেরিয়ান পদটি প্রথম শ্রেণীর পদ। এ পদে যোগ দেয়া কর্মকর্তাদের একটি বড় অংশ ঢাকা ও রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে লাইব্রেরি সায়েন্সে অনার্স ও মাস্টার্স পাস করেন। তাদের মধ্যে যারা বিসিএস দিয়ে ক্যাডার সার্ভিসে যোগ দিয়েছেন তারা তর তর করে পদোন্নতি পেয়ে উপরে উঠে গেছেন। কিন্তু যারা পড়াশোনা করা বিষয়ের সঙ্গে সঙ্গতি রেখে লাইব্রেরিয়ান পদে চাকরি নিয়েছেন তাদের কপাল পুড়েছে। ভুক্তভোগী একজন লাইব্রেরিয়ান যুগান্তরকে বলেন, ২৭ বছর চাকরি করেও তার ভাগ্যে কোনো পদোন্নতি জোটেনি। অথচ একসঙ্গে লাইব্রেরি সায়েন্স নিয়ে পাস করা তার অপর এক সহপাঠী বিসিএস দিয়ে প্রশাসন ক্যাডারে চাকরি নিয়ে এখন সচিবের দায়িত্ব পালন করছেন।

সূত্র জানায়, এ রকম বৈষম্য আর বঞ্চনার কারণে ব্লক পদে থাকা পদোন্নতি বঞ্চিত হয় শতাধিক লাইব্রেরিয়ানের ক্ষোভ অসন্তোষের শেষ নেই। সরকারি বিশ্ববিদ্যালয় ও কলেজের ন্যায় প্রতত ২০টি মন্ত্রণালয় ও বিভাগে লাইব্রেরিয়ান পদ রয়েছে। কিন্তু তাদেরও দুর্ভোগ পোহাতে হচ্ছে। পদোন্নতির দাবিতে অবসর : পৃষ্ঠা ১৯ : কলাম ৫

ন তলার
বরাদ্দ চলছে
প্রতি বর্গফুট ২০,০০০ টাক
■ মুক্তিযোদ্ধা / প্রতিবন্ধীদের জন্য ১০% এবং প্রবাসীদের জন্য ২০% কোটা সংরক্ষিত।
■ আবেদনপত্রের সাথে উন্নয়ন চার্জের ৫০% টাকা পে-অর্ডার / ব্যাংক ড্রাফট মারফত জমা করতে হবে
■ বিস্তারিত সিটি কর্পোরেশনের এস্টেট শাখায় জানা যাবে
■ আগ্রহীরা আজই যোগাযোগ করুন।
চট্টগ্রাম সি

সম্পাদক ও প্রকাশক মাসুদা ইসলাম • নির্বাহী সম্পাদক মাহবুব আলম, প্রকাশক কর্তৃক ৩-২৪৪ প্রগতি সরণী, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং হাউস